

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট  
জেডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট  
আনসারি ভবন (৫তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯. ১৫৪৪


তারিখঃ ১০/১০/২০২২ খ্রি:

বিষয়ঃ আগামী ১৬-২০ অক্টোবর, ২০২২ খ্রি: মেয়াদে অনুষ্ঠিত “Gender Responsive Budgeting” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির জন্য প্রার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর জেডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও উভয়ের অধীন দপ্তর/ সংস্থা/হাসপাতালে কর্মরত কর্মকর্তাদের জন্য ০৫ (পাঁচ) কর্মদিবসব্যাপী “Gender Responsive Budgeting” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে যাচ্ছে। স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে আগামী ১৬-২০ অক্টোবর, ২০২২ খ্রি: মেয়াদে অনুষ্ঠিত এ কোর্সটি স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সম্মেলনকক্ষে (কক্ষ নং ৪০৮, ৪র্থ তলা, আনসারি ভবন, ১৪/২ তোপখানা রোড, ঢাকা) সকাল ৮ টা থেকে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট বিষয়ের সাথে সম্পৃক্ত ২ (দুই) জন উপযুক্ত কর্মকর্তাকে (উপসচিব পর্যায়ের উর্ধ্ব নয়) মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন প্রদান ও অংশগ্রহণের প্রয়োজন নেই। মনোনীত কর্মকর্তাগণের ই-মেইল ও মোবাইল নম্বরসহ তালিকা পূর্বাঙ্কে জিএনএসপি ইউনিটে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

০৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদেরকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: [msrk\\_6415@yahoo.com](mailto:msrk_6415@yahoo.com)

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃ: আ: অতিরিক্ত সচিব, প্রশাসন]

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়